



বাংলাদেশ কৃষি ব্যাংক  
প্রধান কার্যালয়  
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০  
ঋণ শ্রেণিবিন্যাস বিভাগ।

ফোনঃ ৯৫১৪৯১২, E-mail: dgmlcd@krishibank.org.bd

নং-প্রকা/সএল-১(পলিসি)/২০২২-২০২৩/৪২০

তারিখ : ২৩-০৬-২০২৩

মহাব্যবস্থাপক  
স্থানীয় মুখ্য কার্যালয়  
উপ-মহাব্যবস্থাপক  
সকল কর্পোরেট শাখা  
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক  
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)  
বাংলাদেশ কৃষি ব্যাংক।


বিষয় : ঋণ শ্রেণিকরণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যর্থকং প্রবিধি ও নীতি বিভাগের ২০-০৬-২০২৩ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং-১১ সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো (কপি সংস্কৃত)। ঋণ শ্রেণিবিন্যাস এর সংশোধিত নীতিমালা সংক্রান্ত বর্ণিত সার্কুলারের সকল নির্দেশনা যথাযথ/কঠোরভাবে পরিপালনের জন্য সবশ্রুতি সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

সংযুক্তি: ০১ (এক)।

অংশনার বিশ্বস্ত,  
  
(মোঃ আকতার হোসেন)  
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/সএল-১(পলিসি)/২০২২-২০২৩/৪২০(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। ষ্টাফ অফিসার, সকল-মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/অধ্যক্ষ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যার্ককং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/মহানথি।

  
(মোহাম্মদ শামসুল আলম)  
সহকারী মহাব্যবস্থাপক



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

২০ জুন ২০২৩

তারিখ: -----

০৬ আষাঢ় ১৪৩০

বিআরপিডি সার্কুলার নং-১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

## ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।

সাম্প্রতিক সময়ে বহির্বিশ্বে যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ার কারণে আন্তর্জাতিক বাজারে কাঁচামালসহ বিভিন্ন উপকরণের মূল্য ও পরিবহন ব্যয় বৃদ্ধি পাওয়ায় ঋণগ্রহীতাগণ তাদের গৃহীত ঋণের বিপরীতে প্রদেয় কিস্তির সম্পূর্ণ অংশ পরিশোধে অসুবিধার সম্মুখীন হচ্ছেন।

২। বর্ণিত প্রেক্ষাপটে উৎপাদন ও সেবা খাতসহ সকল ব্যবসা চলমান রাখার মাধ্যমে অর্থনৈতিক কর্মকাণ্ডে গতিশীলতা বজায় রাখার লক্ষ্যে ঋণ পরিশোধের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণীয় হবে:

২.১। ০১ এপ্রিল ২০২৩ তারিখে বিদ্যমান অশ্রেণিকৃত মেয়াদী প্রকৃতির ঋণসমূহের (স্বল্পমেয়াদী কৃষি ও ক্ষুদ্র ঋণসহ) বিপরীতে এপ্রিল/২০২৩ হতে জুন/২০২৩ পর্যন্ত সময়ে প্রদেয় কিস্তি/কিস্তিসমূহের ন্যূনতম ৫০ (পঞ্চাশ) শতাংশ জুন/২০২৩ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণসমূহ জুন/২০২৩ ত্রৈমাসিকে বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।

৩। অনুচ্ছেদ-০২ এ উল্লিখিত নির্দেশনা মোতাবেক মেয়াদী ঋণের জুন/২০২৩ পর্যন্ত প্রদেয় কিস্তি/কিস্তিসমূহের অবশিষ্টাংশ বিদ্যমান ঋণের পূর্ব নির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ৩০(তিন) মাসের মধ্যে সমকিস্তিতে অথবা এক কিস্তিতে প্রদেয় হবে।

৪। অনুচ্ছেদ-০২ এ উল্লিখিত নির্দেশনা মোতাবেক ঋণ পরিশোধে ব্যর্থ হলে ঋণসমূহ যথানিয়মে শ্রেণিকরণের আওতাভুক্ত হবে।

৫। এ সার্কুলারের মাধ্যমে ঋণের কিস্তি পরিশোধের ক্ষেত্রে সুবিধাপ্রাপ্ত ঋণের উপর ১ এপ্রিল ২০২৩ তারিখ হতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত সময়ের জন্য কোনরূপ দস্ত সুদ বা অতিরিক্ত ফি (যে নামেই অভিহিত করা হোক না কেন) আরোপ করা যাবে না।

৬। পুনঃতফসিলের মাধ্যমে অশ্রেণিকৃত হিসেবে প্রদর্শিত ঋণের জন্যও এ সার্কুলারের আওতায় প্রদত্ত সুবিধা প্রযোজ্য হবে।

৭। ইসলামী শরীয়াহ্ ভিত্তিক ব্যাংকসমূহ তাদের প্রদত্ত বিনিয়োগের ক্ষেত্রে উপরোক্ত নীতিমালা অনুসরণ করে বর্ণিত সুবিধা প্রদান করতে পারবে।

৮। এ সার্কুলারের আওতায় সুবিধাপ্রাপ্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে যে পরিমাণ আরোপিত সুদ/মুনাফা নগদে আদায় হবে তা আয়খাতে স্থানান্তর করা যাবে।

৯। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলী আকবর ফরাজী)

পরিচালক (বিআরপিডি)

ফোনঃ ৯৫৩০২৫২